যুগান্তর

তারিখ ... 15 FEB 2005 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# বাউবির সময় ক্ষেপণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ২০ অক্টোবর ১৯৯২ সালে যাত্রা শুরু করে। সমগ্র বাংলাদেশে এর ১২টি রিজিওনাল অফিস, ৯০টি স্থানীয় কেন্দ্র এবং প্রায় ৬০০ টিউটোরিয়াল সেন্টারের মাধ্যমে অত্যন্ত পরিকল্পিতভাবে আত্মপ্রকাশ করে বাউবি। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এসএসসি, এইচএসসি, বিএ/বিএসএস, বিএড, এমএড, বিএগ, ইডি, বিবিএ এবং এমবিএসহ আরও অনেক কোর্সের মাধ্যমে সমগ্র দেশে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার দায়িত্ব হাতে নিয়েছে। এ প্রয়াস দেশের অশিক্ষিত জনগোষ্ঠীকে সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল হতে সহায়তা করবে বলে দাবি করা হয়েছে। এক্ষেত্রে বাউবি'র অঙ্গীকার, নির্দেশিকায় উল্লিখিত সময়ের মাঝে সম্পন্ন করা হলে একটি স্বনির্ভর শিক্ষিত জাতি হিসেবে গড়ে তুলতে অবদান রাখবে। সেই সঙ্গে কোর্স পরিকল্পনায় স্পষ্টতা ও সংক্ষিপ্ততা অঙ্গীকারের আওতায় রয়েছে। ছাত্র নির্দেশিকার (পৃষ্ঠা-১৬) প্রোগ্রামের বিবরণের দ্বিতীয় অনুচ্ছেদে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে, ৩ বছরে ডিগ্রি কোর্স শেষ করার যা ১৩ ও ১৪ পৃষ্ঠায় ৩ বছরের কোর্স পরিকল্পনা ছকের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। তাছাড়া বাউবি কর্তৃপক্ষ জানুয়ারি-জুন অথবা জুলাই-ডিসেম্বর কোর্সে ভর্তি চলছে বলে বিজ্ঞাপন প্রকাশ করছে। বাস্তবে প্রতিটি ৬ মাসের কোর্সই ১ বছরে সম্পন্ন করছে অর্থাৎ কোন ডিগ্রি কোর্সের পরীক্ষাই যথাসময়ে অনুষ্ঠিত হয়নি। বিষয়টি ব্যর্থতা না অবজ্ঞা বাউবি কর্তৃপক্ষই ভাল জানে। একজন ডিগ্রি ক্লাসের ছাত্র যদি জানুয়ারি-জুন ২০০২ সেমিস্টারে ভর্তি হয়ে থাকে তাহলে তার ৩ সেমিস্টার পরীক্ষা শেষ করতে বিজ্ঞাপনে প্রকাশিত ৩ বছর পূর্ণ হল। শুধু বাকি থাকল আরও তিনটি সেমিস্টার মানে আরও অতিরিক্ত ৩ বছর। এখানে আরও একটি বিষয় উল্লেখ করার মতো তা হল– প্রতিটি সেমিস্টার পরীক্ষার ফল প্রকাশ করতে সাত-আট মাস সময় লেগে যায়। এখানে গাণিতিক হিসেবে বলা যায়: ৩টি সেমিস্টার পরীক্ষা শেষ হওয়ার সময় অনুযায়ী ৬টি সেমিস্টারে ৬ বছর, আর চূড়ান্ত ফল প্রকাশে আট-নয় মাস অর্থাৎ প্রায় ৭ বছরের এক বিশাল কর্মসূচি হাতে নিয়েছে বাউবি কর্তৃপক্ষ। নির্দেশিকায় বলা আছে (পৃষ্ঠা-১ বৈশিষ্ট্য) (ক) সব বয়সের শিক্ষার্থীর শিক্ষার সুযোগ (খ) পেশায় নিয়োজিত থেকেও শিক্ষা গ্রহণের সুযোগ। উল্লিখিত দুটি অনুচ্ছেদের আলোকে বলতে চাই: একজন অর্ধবয়সী মানুষের সীমিত বয়সের অমূল্য সময় শুধু ডিগ্রি পাসের জন্য প্রায় ৭ বছর বরাদ্দ করতে হলে তাতে অনেক চড়া মূল্য হয়ে যায়।

সবিনয়ে কয়েকটি প্রস্তাব পেশ করতে চাই।

ক. প্রতিটি সেমিস্টার ৫টি কোর্সের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। ফলে সময়ের অপচয় কম হবে।

খ. ডিগ্রি দ্বিতীয় ব্যাচে বাকি ৯টি কোর্স (৫, ৪) ২টি সেমিস্টারে সম্পন্ন করা যেতে পারে।

গ. এখন ডিগ্রি প্রত্যেক ব্যাচের ভর্তি চলছে। সদয় সিদ্ধান্ত নেয়ার এখনই উপযুক্ত সময়।

ঘ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের মতো ১৪০০ নম্বরের স্থলে ১৪০০/১৫০০ নম্বরে বাউবি'র ডিগ্রি কোর্স হতে পারে।

মোঃ জাহিদুল ইসলাম খান
খিলগাঁও, চৌধুরীপাড়া, ঢাকা